গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
# দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর
**Dinajpur Govt. College, Dinajpur**
www.dgc.edu.bd
☏:0531-63360, 🖶:0531-61953 E-Mail: principal@dgc.edu.bd


বিজ্ঞপ্তি নং-দিসক/দিনাজ/প্রিলি টু মাস্টার্স (প্রাই.)/২০১৮-২০১৯/২০২১/০৮ তারিখ: ১০ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ
২৪ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

## ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.acbd/admissions)

| | |
|---|---|
| অনলাইনে রেজিস্ট্রেশনের তারিখ : | ২৫/০১/২০২১ হতে ০৭/০২/২০২১ পর্যন্ত |
| সংশ্লিষ্ট বিভাগে আবেদন ফরম ও প্রয়োজনীয় কাগজপত্র জমাদানের তারিখ : | ২৬/০১/২০২১ হতে ০৮/০২/২০২১ পর্যন্ত |

১। অত্র কলেজে নিম্নোক্ত বিষয়সমূহে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের আবেদন গ্রহণ করা হবে এবং এতদসংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাবলি উক্ত বিভাগসমূহ থেকে জানা যাবে।

| | | | | |
|---|---|---|---|---|
| ১. বাংলা | ২. ইংরেজি | ৩. অর্থনীতি | ৪. দর্শন | ৫. সমাজবিজ্ঞান |
| ৬. ইতিহাস | ৭. রাষ্ট্রবিজ্ঞান | ৮. হিসাববিজ্ঞান | ৯. ব্যবস্থাপনা | - |

### ২। আবেদনের যোগ্যতা:

(ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর এবং গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত প্রার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে। এছাড়া প্রার্থীর প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ভর্তিচ্ছু বিষয়টি স্নাতক (পাস) পর্যায়ে ন্যূনতম ৪০০ নম্বরের পঠিত বিষয় হিসাবে থাকতে হবে এবং তাতে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে জিপিএ ২.০ পেতে হবে।

(খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত প্রার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগামে আবেদন করতে পারবে না। তবে এ সকল প্রার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে জিপিএ ২.২৫ পেলে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদনের সুযোগ পাবে।

(গ) জাতীয় বিশ্ববিদ্যালয় অধীনে ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত সার্টিফিকেট কোর্স পরীক্ষায় (৪০০ নম্বর সম্বলিত) ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত প্রার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।

(ঘ) উল্লেখ্য যে, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স প্রোগ্রামের জন্য প্রণীত নতুন সিলেবাস অনুযায়ী ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন প্রাপ্ত শিক্ষার্থীদের পরীক্ষা গ্রহণ করা হবে।

(ঙ) প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ৩ (তিন) শিক্ষাবর্ষ।

(চ) আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দীগণও আবেদন করতে পারবে।

(ছ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রায়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

### ৩। অনলাইন আবেদনের নিয়মাবলি:

(ক) প্রতিটি কলেজে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে অধিভুক্ত একটি বিষয়ে সর্বোচ্চ ১০০০ (এক হাজার) প্রার্থী আবেদন করতে পারবে।

(খ) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Masters Tab-এ গিয়ে Apply Now (Masters Preli. Private) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে স্নাতক (পাস)/সার্টিফিকেট কোর্স পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও পাসের সন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

(গ) আবেদন ফরমে প্রার্থীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন ফরম/রেজিস্ট্রেশন বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে **"জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"**- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(ঙ) আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলা নির্ধারণ করে যে কোন কলেজের নাম Select করলে (অনুচ্ছেদ-০৬ এ বর্ণিত) সংশ্লিষ্ট কলেজে প্রার্থীর ভর্তি যোগ্য (Eligible) বিষয়ের তালিকা দেখতে পাবে এবং উক্ত তালিকা থেকে সতর্কতার সংগে তার প্রার্থিত বিষয়ের পছন্দ নির্ধারণ করবে।

(চ) আবেদন ফরম পূরণের সময় প্রার্থীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ 120X150 pixels, Image Type: jpg এবং maximum file size:50Kb হতে হবে। প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

(ছ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [A4 (8.5″×11″) অফসেট সাদা কাগজে] প্রিন্ট (Print) নিতে হবে। আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সঙ্গে প্রার্থীকে স্নাতক (পাস) পরীক্ষার নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি, দ্বৈত ভর্তি সম্পর্কিত প্রার্থীর অঙ্গীকারনামার সত্যায়িত কপিসহ আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা ও রেজিস্ট্রেশন ফি বাবদ ৮০০/- (আটশত) টাকাসহ সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত অন্যান্য ফি নির্দিষ্ট সময়ের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। প্রাথমিক আবেদন ফরমটির দ্বিতীয় অংশ সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ প্রার্থীকে ফেরত দিবে।

(জ) পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন: আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজে জমাদানের পূর্বে প্রার্থী তার আবেদন ফরমটি যাচাই করবে। আবেদন ফরমে তথ্যগত অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য প্রার্থীকে Applicant Login (Masters Preli. Private) অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে Form Cancel/Photo Change Option এ গিয়ে Click to Generate the Security key অপশনটি ক্লিক করলে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে। এ লক্ষ্যে আবেদনকারীকে তার ব্যক্তিগত সঠিক মোবাইল নম্বর সতর্কতার সংগে আবেদন ফরমে সংযোজন করতে হবে। তবে কলেজ কতৃর্ক আবেদন ফরম নিশ্চয়ন করার পর তা আর বাতিল করা যাবে না। প্রার্থী ছবি পরিবর্তনের সুযোগ মাত্র একবারই পাবে।

**৪। আবেদনের সময়সূচি:**

| ক্র: নং | বিবরণ | তারিখ |
|---|---|---|
| (ক) | অনলাইনে আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট কপি সংগ্রহের তারিখ: | ২৫/০১/২০২১ থেকে ০৭/০২/২০২১ |
| (খ) | আবেদন ফরম, আবেদন ফি ও প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগে জমা দেয়ার তারিখ: | ২৬/০১/২০২১ থেকে ০৮/০২/২০২১ |
| (গ) | বিভাগ কর্তৃক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়নের তারিখ: | ২৬/০১/২০২১ থেকে ১০/০২/২০২১ |
| (ঘ) | রেজিস্ট্রেশন নিশ্চয়নকৃত প্রিন্ট বিবরণী (০২ সেট) কমিটির নিকট জমাদানের তারিখ | ১১/০২/২০২১ |

**৫। বিষয় নির্বাচন:**

(ক) বিষয় নির্বাচনের ক্ষেত্রে অবশ্যই স্নাতক (পাস)/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় পঠিত বিষয় থেকে শর্তপূরণ সাপেক্ষে বিষয় নির্বাচন করতে হবে।

(খ) স্নাতক (পাস) কোর্সে পঠিত ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের সমগোত্রীয় বিষয় হিসেবে ইতিহাস এবং ইতিহাস বিষয়ের সমগোত্রীয় বিষয় হিসাবে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়টি গণ্য করা যাবে।

(ঘ) ন্যূনতম ৪০০ নম্বরের বাংলা ও ইংরেজি ব্যতীত আবশ্যিক বাংলা ও ইংরেজি বিষয় নিয়ে সরাসরি প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করা যাবে না।

**৬। পূরণকৃত আবেদন ফরমের প্রিন্টকপির সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে :**

**(ক) এস এস সি/সমমান, এইচএসসি/সমমান পরীক্ষা পাশের সনদপত্র ও নম্বরপত্রের ফটোকপি।**

**(খ) স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষা পাশের সনদপত্র ও নম্বরপত্রের ফটোকপি।**

**(গ) স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষা কোর্সের রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।**

**(ঘ) সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের সনদপত্র, নম্বরপত্র এবং রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।**

**(ঙ) প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে "শিক্ষা ছুটি দেয়া হবে" মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র।**

**(চ) বেসামরিক চাকুরিতে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমতি ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র।**

**৭। ফি জমাদানের স্থান:**

(ক) আবেদনকারীকে সংশ্লিষ্ট বিভাগ হতে টাকা জমাদানের রসিদ গ্রহণপূর্বক সাউথইস্ট ব্যাংক লিমিটেড, কলেজ বুথ বিজ্ঞান ভবনের নীচ তলায় নিম্নোক্ত ফি জমা দিতে হবে:

**২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন সংক্রান্ত ফি-**

| | | | |
|---|---|---|---|
| রেজিস্ট্রেশন ফি | : | ৮০০.০০ | মন্তব্য |
| আবেদন ফরম ফি | : | ৩০০.০০ | ১৭৩৫/- টাকা সাদা রসিদে |
| ব্যবস্থাপনা ফি | : | ১০০.০০ | |
| যাতায়াত ও পরিবহণ | : | ৬০.০০ | |
| নিরাপত্তা/নৈশ প্রহরী/অত্যাবশ্যকীয় কর্মচারি ফি | : | ৩৫৫.০০ | |
| আইসিটি | : | ২০.০০ | |
| বিবিধ | : | ১০০.০০ | |
| সর্বমোট | | ১৭৩৫.০০ | |

(খ) আবেদনকারীকে প্রিন্ট করা আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সংগে প্রার্থীকে স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষার নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি, আবেদন ফি জমাদানের রশিদ সংশ্লিষ্ট বিভাগে নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। আবেদন ফরমটির দ্বিতীয় অংশ সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ প্রার্থীকে ফেরত দিবে।

(গ) ফরম জমার সময় সকাল ১০:০০ টা থেকে ২:০০ টা পর্যন্ত।

(ঘ) আবেদনকারী প্রাথমিক আবেদন বিভাগে জমা দিয়ে, নিশ্চিত না হয়ে ক্যাম্পাস ত্যাগ করতে পারবে না।

**সরকারি নির্দেশনা মোতাবেক স্বাস্থ্যবিধি মেনে যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।**

প্রতি স্বাক্ষর

২৪/৭/২০২১

অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ
দিনাজপুর

২৪/০৭/২০২১
(প্রফেসর মোঃ ইদ্রিস মিঞা)
আহ্বায়ক
প্রিলিমিনারী টু মাস্টার্স ভর্তি ও পরীক্ষা কমিটি ২০১৮-২০১৯
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

২৪/৭/২০২১

অনুলিপি-
১। উপাধ্যক্ষ, অত্র কলেজ।
২। আহ্বায়ক, প্রিলিমিনারী টু মাস্টার্স ভর্তি ও পরীক্ষা কমিটি ২০১৮-২০১৯, অত্র কলেজ।
৩। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান, অত্র কলেজ।
৪। হিসাব শাখা ও ক্যাশ শাখা, অত্র কলেজ।
৫। ওয়েবসাইট কপি।
৬। অফিস নথি।